গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(আইন অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিকনং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১।	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (EGPP) এর উপকারভোগীদের মজুরী প্রদান (২০১৯-২০২০)।	সমগ্র বাংলাদেশের ৫১ জেলার ৩৪০ (+/-) সকল উপজেলায় (৪০+৪০) মোট ৮০ দিনের কর্মসৃজন কর্মসূচির আওতায় গৃহিত ক্ষুদ্র প্রকল্পের মাটির কাজে নিয়োজিত শ্রমিকদের মজুরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ। ইতিপূর্বে শ্রমিকদের মজুরির অর্থ ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হতো। এতে শ্রমিকদের দীর্ঘসময় ব্যাংকে লাইন ধরে অপেক্ষা করতে হতো। ফলে অনেকেই সর্দারদের নিকট এডভাইস এর কপি দিয়ে অর্থ সংগ্রহ করতেন। এতে যথাসময়ে শ্রমিকগণ মজুরি পেতেন না, অনেকসময় পুরো টাকা পেতেন না। অর্থ সময় যাতায়াত সহ নানাভাবে হয়রানির শিকার হতেন। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শ্রমিকদের মজুরি সরাসরি তাদের মোবাইল একাউন্টে পৌছে যায়, ফলে ঘরে বসে তারা তাদের মজুরি যথাসময়ে পেয়ে যান এবং সময়, খরচ ও যাতায়াত সাশ্রয় হয়।	কার্যকর আছে।	পাচ্ছে		দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত SMoDMRPA শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে কার্যক্রমটি চলমান আছে।
০২।	সকল দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রচার ও প্রদানের জন্য বিডি ডিজাস্টার এলার্ট (BD Disaster Alert) নামক মোবাইল এ্যাপ তৈরি (২০১৯-২০২০)।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে "সকল দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রচার ও প্রদানের জন্য বিডি ডিজাস্টার এলার্ট নামক একটি মোবাইল এ্যাপ তৈরি" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়। বিগত ১০ মার্চ ২০২০ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবসে এ্যাপটির শুভ উদ্বোধন করা হয়। এ্যাপটি বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে সংযুক্ত আছে এবং সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়েছে। যে কোন ব্যক্তি এ্যাপটি গুগল প্লে স্টোর হতে ইনস্টল করে ব্যবহার করতে পারবেন।	কার্যকর আছে।	পাচ্ছে	https://play.google.com/store/apps/details?id=com.sslwireless.dmr	

০৩।	সারা বাংলাদেশে দুর্যোগ সংক্রান্ত সতর্কবার্তা বিনামূল্যে পৌঁছানোর জন্য সকল মোবাইল অপারেটরে টোল ফ্রি কল চালুকরণ (২০১৯-২০২০)।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের একটি কার্যকর উদ্যোগ। সমগ্র বাংলাদেশে আসন্ন দুর্যোগের সতর্কবার্তা ও দৈনন্দিন আবহাওয়া বার্তা প্রচারের জন্য একটি টোল ফ্রি নম্বর ১০৯০ (IVR) চালু করা হয়। এতে ১০৯০ হটলাইন নম্বরে ডায়াল করে বাংলাদেশের যে কোন প্রান্ত হতে যে কোন ব্যক্তি দৈনন্দিন আবহাওয়াবার্তাসহ আগাম দুর্যোগের সতর্কবার্তা বিনামূল্যে জানতে পারবেন।	কার্যকর আছে।	পাচ্ছে	http://www.modmr.gov.bd/sites/default/files/files/admin.portal.gov.bd/npfblock//National-helpline.jpg	
০৪।	টিআর/কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় গৃহিত প্রকল্পের ডাটাবেজ প্রস্তুতকরণ (২০২০-২০২১)	বাংলাদেশের সকল জেলার প্রায় সকল উপজেলায় প্রতিবছর টিআর/কাবিখা/কাবিটা/ইজিপিপি কর্মসূচির আওতায় ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প গ্রহণ ও তা বাস্তবায়ন করা হয়। এ পর্যন্ত বাস্তবায়িত প্রকল্পসমূহের কোন ডেটাবেইজ নেই। যার ফলে জরুরী প্রয়োজনে প্রকল্প তালিকা সহজেই পাওয়া যায়না। সেইসাথে প্রকল্প গ্রহণে প্রায়শ:ই দ্বৈততার অভিযোগ পাওয়া যায় অর্থাৎ একই স্থানে বার বার প্রকল্প দেখিয়ে বাস্তবায়ন না করে বরাদ্দকৃত অর্থ আত্মসাতের অভিযোগও পাওয়া যায়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়না। ফলে সরকারের উন্নয়ন কর্মকান্ড বহুলাংশে ব্যাহত হয়। সমস্যার গুরুত্ব বিবেচনা করে সকল টিআর/কাবিখা/কাবিটা/ ইজিপিপি ও অন্যান্য প্রকল্পের সকল তথ্য সম্বলিত একটি স্বয়ংসম্পুর্ণ ডেটাবেইজ প্রণয়ন করা হয়। এসাথে প্রতিটি প্রকল্পের অবস্থান জিপিএস ট্র্যাকারের মাধ্যমে চিহ্নিত করা হয় এবং তার অবস্থান গুগল ম্যাপে সংযুক্ত করা হয়। এতে সকল প্রকল্পের তথ্য ডেটাবেইজে সংরক্ষণ করা, দ্বৈততাপরিহার করাসহ স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে। উপরন্তু সাধারণ নাগরিক ওয়েবসাইটে প্রবেশ করে প্রকল্প সম্পর্কে তথ্যাদি জানতে পারবেন। এতে জবাবদিহিতাও নিশ্চিত করা সম্ভব হবে।			http://tr-kabikha.techterrain-it.com:8086/terrain/pddp apps/r/pddp-web-application/login	
০৫।	অডিট আপত্তির ডিজিটাল ব্যবস্থাপনা-ডাটাবেজ তৈরিকরণ (২০২০-২০২১)।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে প্রায় ৫৫০ টির অধিক অফিসের বিগত প্রায় ২৫ বছর অধিককাল প্রায় ৪৫০০ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এসকল অডিট আপত্তি নিষ্পত্তির সময়ে প্রায়শঃই সঠিক তথ্য পাওয়া যায়না। অনেকসময় প্রয়োজনীয় নথি খুঁজে পাওয়া যায়না। প্রয়োজনে উপস্থাপন করতে বিলম্ব হয় এবং প্রয়োজনীয় কাগজ খুজেঁ পেতেও বিলম্ব হয়। ফলে অডিট আপত্তি নিষ্পত্তিতেও বিলম্ব হয়। দীর্ঘদিনের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ সুবিন্যস্তভাবে সংরক্ষণ করার জন্য একটি	কার্যকর আছে।	পাচ্ছে।	https://modmr.tiger-park.com/	

		ডাটাবেজ তৈরি করা হয়। ক্যাটেগরি অনুযায়ী অভ্যন্তরীণ ও সংস্থার অডিট আপত্তিসমূহ পৃথকভাবে, বিভাগ, জেলা ও উপজেলা ওয়ারী তথ্য সন্নিবেশিত করা হয়। নতুন নতুন অডিট আপত্তি ডেটাবেইজে লিপিবদ্ধ করা হয়, নিষ্পত্তির সাথে সাথে তা আপলোড করা হয়। সেই সাথে সকল অডিট আপত্তির নথি সমূহ/প্রযোজ্য ক্ষেত্রে নথির গুরুত্বপূর্ণ দলিলাদি স্ক্যান করে তা পিডিএফ আকারে আপলোড করা হয়ে থাকে।				
০৬।	অফিস সরঞ্জাম সরবরাহ সেবা সহজিকরণ (ই-রিকুইজিশন) (২০২০-২০২১)।	মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারিগণ দাপ্তরিক কাজের জন্য প্রতিনিয়ত নানাবিধ দ্রব্যসামগ্রীর চাহিদাপত্র প্রেরণ এবং গ্রহণ প্রক্রিয়াটি ম্যানুয়ালি সম্পন্ন হতো। অনলাইনে কোন হিসাব সংরক্ষণ করা হতোনা। ফলে প্রায়শ:ই চাহিদাপত্র হারিয়ে যেতো, অনেকসময় স্টোরে মজুদ পরিস্থিতি না জানার কারণে চাহিদাপত্র প্রেরণ করেও প্রয়োজনীয় পণ্যসমাগ্রী পাওয়া যেতনা। এ সেবার মান উন্নয়ন ও দ্রুততম সময়ে কর্মকর্তা কর্মচারির মধ্যে পৌঁছে দেয়ার জন্য একটি অভ্যন্তরীণ ই-সেবা ই-রিকুইজিশন চালু করা হয়। এর ফলে কর্মকর্তা কর্মচারিগণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ব্যবহার করে তার জন্য সরবরাহকৃত লগইন আইডি পাসওয়ার্ড এর মাধ্যমে উক্ত লিংকে প্রবেশ করে তার প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর চাহিদাপত্র প্রেরণ করেন এবং সেবাটি স্বল্প সময়ে দ্রুততার সাথে গ্রহণ করে থাকেন।	কার্যকর আছে।	পাচ্ছে।	http://103.254.86.241:3332/apex/f?p=EREQUISITION	
০৭।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নির্মিত রাস্তার ডিজিাল আইডি প্রণয়ন (মেহেরপুর জেলা) (২০২১-২০২২)।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে প্রতিবছর জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে কাঁচা-রাস্তা, হেরিংবোনবন্ড রাস্তা, বক্স কালভার্ট, রিং কালভার্ট নির্মাণসহ গ্রাম পর্যায়ে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। নির্মিত রাস্তাসমূহের কোন পরিচিতি নম্বর না থাকায় মন্ত্রণালয় কিংবা অধিদপ্তরে রাস্তাগুলোর তালিকা সংগ্রহ ও সংরক্ষণে বিঘ্ন সৃষ্টি হয়। এমনকি পরবর্তীতে তা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কিংবা অন্য কোন সংস্থার নামে পরিচিত হয় এবং মূল প্রতিষ্ঠানের কোন অস্তিত্ব খুঁজে পাওয়া যায়না। প্রকৃতপক্ষে মন্ত্রণালয় রাস্তাগুলোর সত্ব হারিয়ে ফেলে। বর্ণিত অবস্থায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সহযোগিতায় মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় প্রতিটি রাস্তার ছবিসহ অবস্থান চিহ্নিত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রযোজ্য নম্বরসমূহ ব্যবহার করে উপজেলার রাস্তাসমূহের ডিজিটাল পরিচিতি নম্বর প্রদান করা হয়েছে। GPS Based Earthen Road ID Database Management System (http://roadid.advcoder.com/) এর মাধ্যমে রাস্তার প্রকৃত দৈর্ঘ্য পরিমাপ করা সম্ভব হবে। এমনকি ভিডিওর মাধ্যমে রাস্তার বাস্তব ছবি/প্রকৃত অবস্থা প্রত্যক্ষ করা যাবে। এ ক্ষেত্রে ব্যবহারকারি নিজের মত বিভিন্ন ডেটা ফিল্টারিং করতে পারবেন এবং প্রয়োজন অনুযায়ী রিপোর্ট উপস্থাপন করতে পারবেন এবং দাপ্তরিক বিভিন্ন কাজে সহজেই ব্যবহার করতে পারবেন।	কার্যকর আছে।	পাচ্ছে।	http://roadid.advcoder.com/	
০৮।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের ই-মনিটরিং সেবা চালুকরণ	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত উন্নয়ন প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হয়ে থাকে। বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে ১০ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন আছে। তার মধ্যে 'গ্রামীণ	কার্যকর আছে			মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদন এর জন্য

	(ব্রীজ/কালভার্ট প্রকল্প) (২০২১-২০২২)	রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত ব্রিজ সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প'অন্যতম। মন্ত্রণালয়, অধিদপ্তর ও প্রকল্পের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ নিয়মিত পরিদর্শন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করে থাকেন। কিন্তু মন্ত্রণালয়ের পক্ষে এই বিপুল সংখ্যক এলাকার কাজ পরিদর্শন করে গুণগত মান নিশ্চিত করে ভৌত অগ্রগতি এবং আর্থিক অগ্রগতি পর্যবেক্ষণ করা, কার্যকর করা এবং নিয়ন্ত্রণ করা একটি বড় চ্যালেঞ্জ । একই সাথে উন্নয়ন কর্মকান্ডের মানোন্নয়ন ও টেকসই করতে মনিটরিং ও বাস্তবায়ন প্রক্রিয়ায় নাগরিকদের সম্পৃক্ততাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্রিজ/কালভার্টের উন্নয়ন প্রকল্প পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণের জন্য আইসিটি ভিত্তিক ই-মনিটরিং ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম ও এনালিটিক্স প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পূর্ণ হওয়া এবং চলমান ছোট সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পগুলোর তথ্য জিও ফটোট্যাগিং এর মাধ্যমে গুগল ম্যাপে দেখা যাবে। কেন্দ্রীয়ভাবেই-মনিটরিং এর মাধ্যমে 'গ্রামীণ যোগাযোগের জন্য ছোট সেতু/কালভার্ট নির্মাণ'- কর্মসূচির কার্যক্রম এর ব্যবস্থাপনা সহজতর হবে। আর্থিক ডিস্ট্রিবিউশন এর সাথে ভৌত অগ্রগতির ভারসাম্য আনা যাবে। তাছাড়া বিভিন্ন ধরনের এনালিটিক্স (চার্ট এবং গ্রাফ) এর মাধ্যমে প্রকল্পের সার্বিক অবস্থা জানা সহজতর হবে। প্রয়োজনীয় রিপোর্টগুলো সিস্টেমে সংরক্ষিত ডাটা থেকে তৈরি করা হবে।				অপেক্ষমান

০৬/২০/2022

মুনিরা সুলতানা
উপসচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার